

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন বিভাগ
৮৩-৮৮, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২।

স্মারক নং-০০.০১৫.০১৮.২০.০১.০৫৫.২০০৬(১)/১৭০

০৮ মাঘ ১৪২১
তারিখঃ-----
২১ জানুয়ারি ২০১৫

অফিস আদেশ

বাংলাদেশ পর্যটন করপোরেশন এর সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাপ্যতা অনুসারে বাপক, প্রধান কার্যালয় ও বাণিজ্যিক ইউনিটসমূহের গাড়ীচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণকে পোষাক পরিচ্ছদ ও নেইম ট্যাগ প্রদান করা হয়েছে। উক্ত পোষাক পরিচ্ছদ ও নেইম ট্যাগ পরিধান/ব্যবহারের বিষয়টি নিশ্চিত করার নিমিত্তে প্রশাসন বিভাগ হতে স্মারক নং-বাপক/প্রশাসন(৬৭৪)/২০০৬/৩২৪১ তারিখ ২৭-১১-২০১২ ও স্মারক নং-বাপক/প্রশাসন (৬৭৪)/২০০৬/ তারিখ ২০-০১-২০১৩ এবং বাণিজ্যিক বিভাগ হতে স্মারক নং-এইচকিউ-২২(২০৪)/২০০১/বাণিঃ/অংশ-৩/৩৫৩ তারিখ ০৩-১২-২০১২ এর মাধ্যমে অফিস আদেশ জারী করা হয়েছে। এতদসত্ত্বেও লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন কর্মকর্তা ও কর্মচারী সংস্থা কর্তৃক প্রদত্ত পোশাক পরিচ্ছদ ও নেইম ট্যাগ পরিধান/ব্যবহার করছেন না, যা অফিস শৃঙ্খলার পরিপন্থি। এ প্রেক্ষিতে ডিউটিকালীন যথাযথভাবে পোশাক-পরিচ্ছদ ও নেইম ট্যাগ ব্যবহার না করলে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, কর্তব্যকালীন যে সকল কর্মকর্তা ও কর্মচারী নির্ধারিত পোশাক পরিচ্ছদ ও নেইম ট্যাগ পরিধান করছেন না তাদের তালিকা তৈরী করে আগামী ০৩ (তিন) দিনের মধ্যে প্রশাসন বিভাগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপকগণকে পুনরায় নির্দেশ দেয়া হলো।

কর্তৃপক্ষের আদেশক্রমে,



(মোঃ আনোয়ারুল হক)
মহাব্যবস্থাপক (প্রশাসন)


স্মারক নং-০০.০১৫.০১৮.২০.০১.০৫৫.২০০৬(১)/১৭০

০৮ মাঘ ১৪২১
তারিখঃ-----
২১ জানুয়ারি ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

- ১। পরিচালক,------(সকল), বাপক, ঢাকা।
- ২। মহা-ব্যবস্থাপক,------(সকল), প্রধান কার্যালয়, বাপক, ঢাকা।
- ৩। মহা-ব্যবস্থাপক (ডিএফও), বাপক, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত অধ্যক্ষ, এনএইচটিআই, বাপক, ঢাকা।
- ৫। ব্যবস্থাপক,------(সকল), বাপক, ঢাকা।
- ৬। ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক------(সকল), বাপক।
- ৭। উপ-ব্যবস্থাপক (সাধারণ সেবা), বাপক, ঢাকা।
- ৮। উপ-ব্যবস্থাপক, জনসংযোগ ও আইটি বিভাগ, বাপক, ঢাকা।
- ৯। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১০। সংশ্লিষ্ট নথি।

তাদের অধীনস্থ সংশ্লিষ্ট সকলকে অবহিতসহ পোষাক পরিচ্ছদ ও নেইম ট্যাগ ব্যবহার নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।


(মোঃ আনোয়ারুল হক)
মহাব্যবস্থাপক (প্রশাসন)